

THE BENGAL LIBRARY ASSOCIATION

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

তাং: ০৮.০৯.২০২৪

হুগলি জেলা শাখা

কার্যকরী সমিতি ও কর্মকর্তা নির্বাচন

বিজ্ঞপ্তি

আগামী ২২শে সেপ্টেম্বর, ২০২৪ (রবিবার) সকাল ১০-০০ টায় আরামবাগের 'রাজা রামমোহন রায় পাঠাগারে' বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের হুগলি জেলা শাখার ৪২তম বার্ষিক সাধারণ সভা (২০২৩-২০২৪ বর্ষ) অনুষ্ঠিত হবে। এই সভায় পরিষদের জেলা শাখার ২০২৪-২০২৬ বর্ষের কার্যকরী সমিতি ও কর্মকর্তা নির্বাচন হবে। পরিষদের গঠনতন্ত্র অনুযায়ী ন্যূনতম একবছর মেয়াদী সদস্যপদ থাকা ব্যক্তিরাই ভোটদানে অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা বার্ষিক সাধারণ সভার স্থলে টানানো থাকবে। বেলা ১০-০০ টায় সাধারণ সভার কাজ শুরু হবে। সদস্যদের আলোচনার অব্যবহিত পরেই নির্বাচনের কাজ শুরু হবে। এই নির্বাচন চলবে বেলা ২.৩০ অবদি। কেবলমাত্র বৈধ ভোটার তাঁর সচিত্র পরিচয়পত্র (ভোটার কার্ড/আধার কার্ড/অফিস পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স) দেখিয়ে ভোটদান করতে পারবেন। ব্যালট পেপার আর পেন কেন্দ্রীয় কমিটি থেকে সরবরাহ করা হবে। ভোটদানের নির্দিষ্ট জায়গায় ভোট দিতে হবে ও ভোটদানের পর ব্যালট পেপার নির্দিষ্ট ব্যালট বাক্সে ফেলতে হবে। ভোটদানের ক্ষেত্রে চূড়ান্ত গোপনীয়তা বজায় থাকবে। কোন পদে মোট পদ সংখ্যার থেকে বেশি ভোট পড়লে উক্ত পদে সেই ভোট বাতিল বলে গণ্য করা হবে। নির্বাচনের কাজ সম্পন্ন হয়ে গেলে ভোট গণনার কাজ শুরু হবে। পরিষদের ঐতিহ্য মেনে এই সাধারণ সভা ও কর্মকর্তা নির্বাচনে সুস্থ পরিবেশ বজায় রাখতে সবার ঐকান্তিক সহযোগিতা একান্ত কাম্য।



নমস্কারান্তে,

জয়দীপ চন্দ

(ড. জয়দীপ চন্দ)

কর্মসচিব

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

THE BENGAL LIBRARY ASSOCIATION

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

পথনির্দেশঃ সাধারণ সভার স্থান 'রাজা রামমোহন রায় পাঠাগার', আরামবাগ। আরামবাগ স্টেশন থেকে অটো/টোটো করে বা আরামবাগ বাসস্ট্যান্ড থেকে পায়ে হেঁটে সভাস্থলে পৌঁছে যাওয়া যাবে।

কোন কোন পদের নির্বাচন ও এই সম্পর্কিত তথ্যঃ ১ জন সভাপতি, ২ জন সহ-সভাপতি, ১ জন জেলা সম্পাদক, ১ জন সহ-সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ এবং ৫ জন সদস্য। **বৈধ প্রার্থী ও ভোটদানের অধিকারী হতে গেলে পরিষদের চাঁদা পরিশোধ থাকা চাই এবং ন্যূনতম একবছর মেয়াদী সদস্যপদ থাকা চাই।** মনোনয়নপত্র বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় (পদাপুকুর, কলকাতা-৭০০০১৪) থেকে আগামী ১০.০৯.২০২৪ - ১৭.০৯.২০২৪ তারিখের মধ্যে দুপুর ২টো থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত (রবিবার ও ছুটির দিন বাদে) ইচ্ছুক বৈধ সদস্যদের হাতে তুলে দেওয়া হবে। যথাযথভাবে পূরণ করা মনোনয়নপত্র একজন প্রস্তাবকের স্বাক্ষর সহ আগামী ১৮.০৯.২০২৪ তারিখের মধ্যে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে বিকেল ৪টোর মধ্যে জমা দিতে হবে। প্রস্তাবককে অবশ্যই পরিষদের বৈধ সদস্য হতে হবে। মনোনয়নপত্র পরীক্ষার তারিখ আগামী ১৮ই সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বিকেল ৫টার সময়ে। মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ আগামী ১৯শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখ বিকাল ৫টার মধ্যে ও চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ আগামী ১৯শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ২০শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে। বার্ষিক সাধারণ সভায় যোগদান এবং ভোটদানে ইচ্ছুক মেয়াদ উত্তীর্ণ সদস্যদের অবশ্যই আগামী ১৭ই সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে সদস্যপদ পুনর্নবীকরণ করতে হবে। বার্ষিক সাধারণ সভার দিনে সদস্যপদ নবীকরণ করলেও ভোটদানের ক্ষেত্রে তা ধার্য করা হবে না। সভায় যোগদানের জন্য এই জেলার প্রত্যেক সদস্যকে পরিষদের পক্ষ থেকে সনির্বন্ধ অনুরোধ জানানো হচ্ছে।